159

দৈনিক সংবাদ

তারিখ ... OCT 10 1999
পৃষ্ঠা ... কলাম ...

# ইতিহাস আমাদের শিক্ষা দেয়

## অধ্যাপক মুনতাসীর মামুন

সিরাজগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর মুনতাসীর মামুন বলেছেন, ইতিহাস পাঠ বাধ্যতামূলক করা হয়নি বলেই আজকের প্রজন্ম মুক্তিযুদ্ধের ইতিহাস জানে না। এজন্য আমরা সবাই দায়ী। শুরু থেকেই ইতিহাস পাঠ বাধ্যতামূলক করা হলে এদেশে স্বাধীনতাবিরোধী শক্তিকে খুঁজে পাওয়া যেত না।

গত ৭ই সেপ্টেম্বর সকালে সিরাজগঞ্জে সরকারি কলেজ মিলনায়তনে "কলেজ পর্যায়ে ইতিহাস পঠন-পাঠন ঃ সমস্যা ও সমাধান শীর্ষক" দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। তিনি বলেন, ইতিহাস আমাদেরকে শিক্ষা দেয়। এরচেয়ে বড় সত্য নেই। তিনি এসএসসি পর্যন্ত ইতিহাস শিক্ষা বাধ্যতামূলক করার দাবি জানান।

কর্মশালায় সভাপতিত্ব করেন প্রফেসর তুষার কুমার ভদ্র। বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মেজবাহ কামাল, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নুরুল ইসলাম মঞ্জু এবং প্রভাষক হাবিব উল্লাহ বাহার।